



বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bangladeshbank.org.bd

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১১-১৫

তারিখ : কার্তিক ০২, ১৪১৮
অক্টোবর ১৭, ২০১১

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

অর্থ মন্ত্রণালয়ের ২৭/০৯/২০১১ তারিখের প্রজ্ঞাপন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও
নং-২৯৮-আইন/২০১১/২৩৬৯/কস্টমস্ তারিখ ১১ আশ্বিন ১৪১৮ (২৬ সেপ্টেম্বর ২০১১) আপনাদের অবগতি
ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অপরপৃষ্ঠায় হুবহু পুনর্মুদ্রণ করা হইল।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ গোলাম হায়দার)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫১২৬০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস্)

প্রজ্ঞাপন

তারিখ : ১১-০৬-১৪১৮ বঙ্গাব্দ/২৬-৯-২০১১ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং-২৯৮-আইন/২০১১/২৩৬৯/কাস্টমস্ I- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 25(3) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ/০৯ জুন, ২০১১ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং-১৬৮-আইন/২০১১/২৩৫৫/কাস্টমস্, বাতিলক্রমে, উক্ত Act এর FIRST SCHEDULE এর কলাম (1) এর Heading No. 87.03 ও 87.04 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সংশ্লিষ্ট H.S. Code এর আওতাধীন নূতন মোটর গাড়ি, ডাবল কেবিন পিক-আপ ও যানবাহনের কাস্টমস্ ডিউটি আদায়কল্পে ন্যূনতম মূল্য (Minimum value) নির্ধারণের জন্য নিম্নরূপ শর্ত আরোপ করিল, যথাঃ

শর্ত

- (১) শুক্রায়নকালে গাড়ি প্রস্তুতকারক প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত ইনভয়েস (Manufacturer's invoice) দাখিল করিতে হইবে;
- (২) যেই সকল গাড়ি প্রস্তুতকারক প্রতিষ্ঠান সরাসরি ইনভয়েস (invoice) ইস্যু করে না, সেই সকল প্রতিষ্ঠানের প্রস্তুতকৃত গাড়ি আমদানির ক্ষেত্রে রপ্তানিকারক প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত invoice আবশ্যিকভাবে Manufacturer কর্তৃক প্রত্যয়নকৃত হইতে হইবে;
- (৩) যেই সকল গাড়ি প্রস্তুতকারী প্রতিষ্ঠান সরাসরি ইনভয়েস (invoice) ইস্যু করে, সেই সকল প্রতিষ্ঠানের প্রস্তুতকৃত গাড়ি আমদানির ক্ষেত্রে কোনক্রমেই প্রস্তুতকারী প্রতিষ্ঠান ব্যতীত ভিন্ন কোন রপ্তানিকারক কর্তৃক প্রদত্ত ইনভয়েস (invoice) গ্রহণযোগ্য হইবে না; এবং
- (৪) Manufacturer কর্তৃক ইস্যুকৃত/প্রত্যয়নকৃত Invoice মূল্য শুক্রায়নের জন্য ন্যূনতম মূল্য (Minimum value) হিসাবে বিবেচ্য হইবে, তবে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মূল্য সংক্রান্ত কোন নিরপেক্ষ প্রকাশনা অথবা সংশ্লিষ্ট প্রস্তুতকারকের মুদ্রিত কোন স্বীকৃত মূল্য তালিকায় প্রাপ্ত মূল্য, ন্যূনতম মূল্য অপেক্ষা অধিক হইলে উক্ত উচ্চতর মূল্যে শুক্রায়ন করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(ড. নাসিরউদ্দীন আহমেদ)

সচিব।

নথি নং- ২(১) শঃ মূল্যাঃ/মুঃ গাড়ী/২০০১(অংশ-১)/ ২৭৮-২

তারিখ- ২৭-০৯-২০১১ খ্রীঃ

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মাননীয় অর্থ মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মাননীয় এটর্নী জেনারেল, এটর্নী জেনারেলের দপ্তর, সুপ্রীম কোর্ট ভবন, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৩। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
- ৪। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/বন ও পরিবেশ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। চেয়ারম্যান, বাংলাদেশ ট্যারিফ কমিশন, সেগুনবাগিচা, ঢাকা।